

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 19-12-2025

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজ্যে আসছেন। #বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস ছাড়াও ‘পরিবর্তন সংকল্প সভা’তেও যোগ দেবেন তিনি।
- ২/ রাজ্যে ভোটার তালিকা প্রস্তুতি ও সংশোধন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, নির্ভুল ও বিশ্বাসযোগ্য করতে নির্বাচন কমিশন, ইলেক্টোরাল রোল মাইক্রো অবজারভার নিয়োগের প্রস্তাবে সম্মতি দিয়েছে।
- ৩/ ‘ইনকিলাব মঞ্চ’র আহ্বায়ক শরীফ ওসমান হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই বাংলাদেশে নতুন করে তুমুল অস্থিরতা সৃষ্টি হয়েছে।
- ৪/ সব পক্ষের বৈঠকের পরেও চিংড়িঘাটা মেট্রো রেলের বকেয়া কাজ নিয়ে কোনো সমাধান সূত্র বেরোলোনা।
- ৫/ উত্তরে বাতাসের গতিপ্রকৃতি বদলে যাওয়ায় প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশী।

বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজ্যে আসছেন। দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, সকাল ১০টায় নদীয়ার তাহেরপুরে নেতাজি পার্ক ময়দানে প্রধানমন্ত্রী বেশ কিছু সরকারি

প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর ‘পরিবর্তন সংকল্প সভা’-য় বক্তব্য রাখবেন।
রাজ্যের রাজনৈতিক পরিবর্তনের সূচনা হিসেবে এই জনসভায় অংশগ্রহণের জন্য রাজ্য
সভাপতি সবাইকে আহ্বান জানান।

(বাইট- - শমীক)

নাগরিকত্ব ও উদ্বাস্তু প্রসঙ্গে শ্রী ভট্টাচার্য জানান, মতুয়া, নমঃশূদ্র এবং উদ্বাস্তু
সমাজের দীর্ঘদিনের নাগরিকত্বের দাবি CAA-র মাধ্যমে পূরণ করা হয়েছে। তিনি সব
যোগ্য নাগরিককে বিভ্রান্ত না হয়ে অবিলম্বে CAA -তে আবেদন করার আহ্বান জানান।
পাশাপাশি ভোটার তালিকা সংশোধন ও শুনানি প্রক্রিয়া নিয়েও আতঙ্কের কোন কারণ
নেই বলে রাজ্য সভাপতি জানিয়েছেন।

প্রধানমন্ত্রীর সভার প্রেক্ষিতে যাত্রীভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন
আগামীকাল কল্যাণী-লালগোলা সেকশনে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সেই
অনুসারে আগামীকাল লালগোলা-রানাঘাট EMU স্পেশাল লালগোলা থেকে সকাল সাড়ে
ছ'টায় ছেড়ে সকাল ৯ টা ২৫ মিনিটে রানাঘাটে পৌঁছাবে এবং কল্যাণী ও কৃষ্ণনগরের
মধ্যে দুটি EMU স্পেশাল আগামীকাল সকাল ৭ টা ৪০ মিনিটে ও ৮ টা ৪ মিনিটে
কল্যাণী থেকে ছেড়ে সকাল ৮ টা ৩৬ মিনিট ও ৯ টায় কৃষ্ণনগরে পৌঁছাবে।

এদিকে, আগামীকাল কয়েকটি মেল/এক্সপ্রেস ট্রেন অতিরিক্ত স্টপেজ দেবে।
পাশাপাশি, আগামীকাল দুপুর ১২ টা থেকে সন্ধ্যা ৬ টার মধ্যে রানাঘাট ও লালগোলার
মধ্যে যাতায়াতকারী সমস্ত EMU ও MEMU ট্রেন রানাঘাট ও লালগোলা মধ্যে সমস্ত
স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে রাজ্যে আরও ২৩০ কোটি টাকা খরচ হতে চলেছে। তার মধ্যে ১৩৮ কোটি টাকা কেন্দ্রীয় বরাদ্দ হিসাবে মিলেছে। বাকি ৯২ কোটি টাকা রাজ্যের কোষাগার থেকে খরচ করা হবে। এই প্রকল্পের দায়িত্বে থাকা পঞ্চায়েত দণ্ডর সূত্রে জানা গেছে প্রকল্পে সাফল্যের সুবাদে চলতি অর্থবর্ষে এই নিয়ে চতুর্থ বার টাকা পাছে রাজ্য। চলতি অর্থবর্ষেই এই খাতে খরচের জন্য ধার্য হয়েছে ১২৪ কোটি টাকা। রাজ্যের এবারের ২৩০ কোটি টাকার ৭৫ শতাংশ নির্ধারিত সময়ের মধ্যে খরচ করতে পারলে চলতি অর্থবর্ষে আরও ২৩২ কোটি টাকা পাওয়ার সম্ভবনা থাকছে।

গ্রামীণ কর্মসংস্থান এর উদ্দেশ্যে সংসদে পাশ হয়েছে Viksit Bharat - Guarantee for Rozgar and Ajeevika Mission (Gramin): বা বিকশিত ভারত জি রাম জি ২০২৫ বিল। মহাদ্বা গান্ধী গ্রামীণ কর্মনিক্ষয়তা আইন এর পরিবর্তে পাশ করা হয়েছে জি রাম জি বিল। এর ফলে ১০০ দিনের কাজের বদলে ১২৫ দিনের কাজ পাবে গ্রামের মানুষেরা। পশ্চিম বর্ধমানের অনিতা ঠাকুর আকাশবাণীকে জানিয়েছেন ১২৫ দিনের কাজে উপকৃত হবেন সবাই।

বাইট - অনিতা ঠাকুর

ইন্ডিয়ান ইনসিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি শিবপুরের দ্বাদশতম বার্ষিক সমাবর্তন আজ অনুষ্ঠিত হয়েছে। এবছর মোট ডিগ্রি প্রাপকের সংখ্যা ছিল ৯৫৯ জন। এই সমাবর্তনে মোট ৬৪১ জন শিক্ষার্থী স্নাতক এবং ২২৮ জন স্নাতকোত্তর ডিগ্রী পেয়েছে। এছাড়া পিএইচডি ডিগ্রী পেয়েছেন ৯০ জন গবেষক।

এবছুর President of India Gold Medal প্রদান করা হয়েছে সকল স্নাতক শাখার মধ্যে প্রথম স্থানাধিকারী কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগের ছাত্র সাংখ্য সামন্তকে। অন্যদিকে স্নাতকোত্তরের মধ্যে প্রথম হয়েছেন শ্রাবণ্তী বটব্যাল।

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এবং এক ভিডিও বার্তার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে শুভেচ্ছা বার্তা জানান। ভিডিও বার্তা দেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও।

রাষ্ট্রীয় স্বয়ং সংঘ আরএসএস-এর শতবর্ষ উদযাপনের অঙ্গ হিসাবে সরসংগঠন চালক উষ্টর মোহন ভগবত আজ শিলিঙ্গড়িতে প্রবৃন্দ নাগরিক সম্মেলনে তাঁর বক্তব্য রাখেন। উত্তরবঙ্গ মারওয়ারি ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে উত্তরবঙ্গের ৮ টি জেলা ও সিকিম থেকে সমাজের বিভিন্ন শ্রণীর মানুষরা যোগদান করেছেন। আজকের এই সম্মেলনে আর এস এস-এর দীর্ঘ এক শতাব্দী যাত্রা, কর্মকাণ্ড এবং নীতিগত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সমাজ ও রাষ্ট্র গঠনে গুরুত্বপূর্ণ বিষয়গুলিও তুলে ধরা হয়। আর এস এস এর উত্তরবঙ্গ প্রান্ত এই সম্মেলনের করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব

চানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

কলকাতায় মুখ্য নির্বাচনী আধিকারিক CEO অফিসের বাইরে তৃণমূলপন্থী BLO দের একাংশের লাগাতার বিক্ষেপের প্রেক্ষিতে নিরাপত্তায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। নির্বাচন কমিশনের তরফে এই মর্মে পাঠানো প্রস্তাবে সম্মতি দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। জানা গেছে আজ সকাল থেকেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের দ্বিতীয় ও তৃতীয় তলার নিরাপত্তার দায়িত্ব নিয়ে নেবে কেন্দ্রীয় বাহিনী। দপ্তরের কোনও আধিকারিক সরকারি গাড়ি নিয়ে বাইরে গেলেও তাঁর সঙ্গে কেন্দ্রীয় বাহিনী থাকবে বলে জানানো হয়েছে।

উল্লেখ্য, SIR এর কাজ চলার মধ্যেই BLO দের একাংশের বিক্ষেপ ধর্ণায় বেশ কয়েক দফায় উত্তেজনা ছড়ায় মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের সামনে। এর প্রেক্ষিতেই নিরাপত্তা বাড়ানোর সিদ্ধান্ত বলে মনে করা হচ্ছে।

এদিকে, ভোটার তালিকার নীবিড় সংশোধন কর্মসূচি SIR প্রক্রিয়ার পরবর্তী ধাপ গুলির জন্য নির্বাচন কমিশন ২৮০০ জন অতিরিক্ত অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (এএইআরও) নিয়োগের অনুমোদন দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের আবেদনে সাড়া দিয়ে তাঁদের নিয়োগ করা হয়েছে। প্রয়োজন অনুযায়ী ওই আধিকারিকদের বিভিন্ন জেলায় ব্যবহার করা হবে বলে জানানো হয়েছে।

রাজ্য ভোটার তালিকা প্রস্তুতি ও সংশোধন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, নির্ভুল ও বিশ্বাসযোগ্য করতে নির্বাচন কমিশন, ইলেক্ট্রোরাল রোল মাইক্রো অবজারভার নিয়োগের প্রস্তাবে সম্মতি দিয়েছে। আজ এই সংক্রান্ত নির্দেশিকা জারি করে কমিশন জানিয়েছে, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় শুনানি পর্বকে আরও গ্রহণযোগ্য করে তুলতেই এই সিদ্ধান্ত। শুনানির সময় জমা পড়া নথি সঠিক ভাবে ঘাচাই হচ্ছে কি না, দাবি ও আপত্তির ক্ষেত্রে নিয়ম মেনে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে কি না, তা খতিয়ে দেখবেন মাইক্রো অবজারভাররা। তাঁরা শুনানি কক্ষে উপস্থিত থেকে গোটা প্রক্রিয়া পর্যবেক্ষণ করবেন এবং কোথাও কোনও বিচুতি বা অনিয়ম ধরা পড়লে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে রিপোর্ট আকারে জানাবেন। নির্দেশিকায় বলা হয়েছে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনেই এই মাইক্রো অবজারভাররা কাজ করবেন। কেন্দ্রীয় সরকারি দপ্তরের গ্রন্তি 'বি' বা তার উর্ধ্বর্তন আধিকারিকদের মধ্য থেকেই তাঁদের নিয়োগ করা হবে। প্রয়োজনে রাষ্ট্রায়ত্ব ব্যাক বা সংস্থার সমপর্যায়ের আধিকারিকদেরও এই দায়িত্বে আনা যেতে পারে।

‘ইনকিলাব মঙ্গে’র আন্তর্যাক শরীফ ওসমান হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই বাংলাদেশে নতুন করে তুমুল অস্থিরতা সৃষ্টি হয়েছে। চট্টগ্রামে ভারতের সহকারী হাইকমিশনারের বাসভবনে হামলা চালানো হয়েছে, যা কৃটনৈতিক প্রতিষ্ঠানের নিরাপত্তা নিয়ে গুরুতর উদ্বেগ সৃষ্টি করেছে। দুষ্কৃতীরা ‘দ্য ডেইলি স্টার’ ও ‘প্রথম আলো’ সংবাদপত্রের কার্যালয় ভাঙ্চুর করে আগুন লাগিয়ে দেয়। ধানমন্ডির সাংস্কৃতিক সংগঠন ‘ছায়ানট’-এ সংগীতের জিনিসপত্র ভাঙ্চুর করে আগুন ধরিয়ে দেয়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, অজ্ঞাত পরিচয় একদল ব্যক্তি ধর্মীয় ম্লোগান দিতে দিতে জোর করে ছায়ানট ভবনে ঢুকে এই তান্ত্রিক চালায়। তবে হামলাকারীদের মুখ ঢাকা থাকায় তাদের

পরিচয় জানা যায়নি। বাংলাদেশ সেনাবাহিনী এবং পুলিশ, জনতাকে ছত্রভঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

উল্লেখ্য, বাংলাদেশে ছাত্রনেতা ওসমান হাদির মৃত্যুর পর সেদেশে ব্যাপক হারে হিংসা ছড়িয়ে পড়েছে। গত সপ্তাহে ঢাকা শহরে মুখোশধারী হামলাকারীরা তাকে গুলি করে। চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নিয়ে যাওয়া হলে সেখানেই গতকাল তিনি মারা যান। হাদির মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই কয়েক হাজার সমর্থক রাজধানীসহ গোটা দেশে তুমুল তান্ত্রিক শুরু করেছে।

সব পক্ষের বৈঠকের পরেও চিংড়িঘাটা মেট্রো রেলের বকেয়া কাজ নিয়ে কোনো সমাধান সূত্র বেরোলোনা। আদালতের নির্দেশে গতকাল রাজ্য ও মেট্রো কর্তৃপক্ষের মধ্যে বৈঠক হলেও জট কাটেনি। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল জানিয়েছেন, গঙ্গা সাগরের জন্য ফেন্সয়ারীর আগে কোনোভাবেই পিলার তৈরীর কাজে অনুমোদন দেওয়া সম্ভব নয়। RVNL-এর পক্ষ থেকে অবশ্য আবারো রাজ্যের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ করা হয়। কলকাতা হাইকোর্টে আজ এই শুনানিতে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চ ফের একবার রাজ্যকে তার জবাব আগামী সোমবারের মধ্যে জানানোর নির্দেশ দিয়েছে। জানুয়ারী মাসে এই কাজের অনুমোদন দেয়া যায় কিনা, তা' ওইদিনই রাজ্যকে জানাতে হবে।

কলকাতা হাইকোর্ট জানিয়েছে, আগামী ২৭শে জানুয়ারী বেলা ২'টোয় হাওড়া পুরসভার নির্বাচন সংক্রান্ত মামলার শুনানি হবে। পুরবোর্ডের মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়ার

পর'ও হাওড়া পুরসভায় নির্বাচন না করানোয় হাইকোর্টে মামলা দায়ের হয়। ২০১৮ সাল থেকে রাজ্যের শাসক দল নির্বাচন না করে বোর্ডে নিজেদের মনোনীত প্রতিনিধি বসিয়ে রেখেছে। এর ফলে নাগরিক পরিষেবা থেকে শহরবাসী বক্ষিত হচ্ছেন বলে আবেদনে জানানো হয়েছে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের বেঞ্চে তাঁর পর্যবেক্ষণে জানিয়েছেন, বিষয়টি নিয়ে বিস্তারিত শুনানির প্রয়োজন রয়েছে।

আসন্ন বড়দিন ও ইংরেজি নববর্ষ কে কেন্দ্র করে পূর্ব মেদিনীপুরের জনপ্রিয় সৈকত শহর দীঘা এবং মন্দারমনিতে পর্যটকদের হয়রানি, হোটেল ভাড়া নিয়ে নৈরাজ্য ঠেকাতে পর্যটন দপ্তর জেলা প্রশাসনকে সব ধরনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। দীঘা ও মন্দারমনির সব হোটেল, লজে ঘরের ভাড়ার তালিকা প্রকাশ্যে টাঙ্গাতে বলা হয়েছে। অভিযোগের ভিত্তিতে ভাড়া নিয়ে প্রতারণার কোনো প্রমাণ মিললে তৎক্ষণাত্মে সংশ্লিষ্ট হোটেল বা লজের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে হবে বলে পর্যটন দপ্তর নির্দেশ দিয়েছে। পর্যটকদের নিরাপত্তা সুনিশ্চিত করা ও অভিযোগ জানানোর জন্য নজরদারি, জন অভিযোগ কেন্দ্র, ট্রাফিক নিয়ন্ত্রণ ছাড়াও উপকূলবর্তী এলাকায় পরিবেশ ও নিরাপত্তা সংক্রান্ত বিধি মানা হচ্ছে কিনা প্রশাসনকে সেটাও কঠোরভাবে দেখতে বলা হয়েছে।

জোড়া পশ্চিমী ঝাঙ্গার কারণে উত্তরে বাতাসের গতিপ্রকৃতি বদলে যাওয়া এবং পূর্বালী বাতাসের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশী। আগামী এক সপ্তাহ তাপমাত্রা একই রকম থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক ৬'ডিগ্রি
সেলসিয়াস- স্বাভাবিকের থেকে যা এক দশমিক ৫ ডিগ্রী বেশী।

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই সকালের দিকে মাঝারী থেকে ঘন কুয়াশার
স্ফোরণ রয়েছে।
